



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
১ম ১১তলা সরকারি অফিস ভবন (১১তলা)  
সেগুনবাগিচা, ঢাকা।  
(web: [www.bkkb.gov.bd](http://www.bkkb.gov.bd))

- সেবা গ্রহীতা: প্রজাতন্ত্রে কর্মরত প্রায় ১৩ লাখ এবং অবসরজোগরত ৬ লাখসহ ১৯ লাখ সরকারি কর্মচারী ও তাদের পরিবারবর্গসহ প্রায় ১ কোটি মানুষ।
- বোর্ড হতে কি কি সেবা/অনুদান প্রদান করা হচ্ছে:
১. মাসিক কল্যাণ অনুদান (কর্মচারী চাকরিরত অবস্থায় বা অবসরের ১০ বছরের মধ্যে মৃত্যুবরণ করলে মাসিক ২,০০০/- করে সর্বোচ্চ ১৫ বছর পর্যন্ত);
  ২. যৌথবীমার এককালীন অনুদান (কর্মচারী চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে সর্বোচ্চ ২ লাখ);
  ৩. দাফন/অন্ত্যেষ্টক্রিমার অনুদান:
    - ❖ চাকরিরত/অবসরপ্রাপ্ত কর্মচারী (৭৫ বছর বয়সের মধ্যে) মৃত্যুবরণ করলে ৩০,০০০/- টাকা;
    - ❖ কর্মচারীর (৭৫ বছর বয়সের মধ্যে) পরিবারের সদস্যের মৃত্যুতে ১০,০০০/- টাকা;
    - ✓ কল্যাণ অনুদান, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন অনুদানের দরখাস্ত অনলাইনে দাখিল করার লিংক: <http://sss.bkkb.gov.bd/>
  ৪. জটিল ও ব্যয়বহল রোগের চিকিৎসা অনুদান (সর্বোচ্চ ২ লাখ):
    - ❖ চাকরিরত/ পিআরএল ভোগরত অবস্থায় কর্মচারীর নিজের জটিল ও ব্যয়বহল রোগের চিকিৎসায় চাকরি জীবনে এক বা একাধিক বারে এ অনুদান প্রদান করা হয়;
    - ❖ জটিল ও ব্যয়বহল রোগসমূহ: ক্যান্সার, হৃদরোগ, কিডনি-ব্যামি, হেপাটাইটিস, ডায়াবেটিস-মেলিটাস, পক্ষাঘাত, বক্ষব্যামি, খ্যালোসেমিয়া, কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ-সংযোজন সংক্রান্ত রোগ ও দুর্ঘটনায় মারামরকভাবে আহত হওয়া এবং এ সংক্রান্ত মেডিকেল বোর্ড কর্তৃক জটিল ও ব্যয়বহল রোগ বলে চিহ্নিত যে কোন রোগও এর অর্ন্তভুক্ত হবে।
  ৫. সাধারণ চিকিৎসা অনুদান (সর্বোচ্চ ৪০ হাজার):
    - ❖ কর্মচারী নিজে অসুস্থ এবং তাঁর পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত এ অনুদান প্রাপ্য হবেন।
  ৬. শিক্ষাবৃত্তি (কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের অনধিক ২(দুই) সন্তানদের জন্য বছরে একবার);
    - ❖ অনলাইনে দরখাস্ত করার লিংক: <http://eservice.bkkb.gov.bd/>
  ৭. e-ticketing software এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের স্টাফবাসে যাতায়াতের টিকেট প্রদান;
  ৮. মহিলাদের জন্য কারিগরি প্রশিক্ষণ:
    - ❖ কম্পিউটার ব্যাসিক কোর্স, কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন, ফ্যাশন ডিজাইন, কাটিং ও সেলাই, ব্লক বাটিক, এমব্রয়ডারি, কনফেকশনারি, বিউটিফিকেশন, ক্যাটারিং ও ফ্রিল্যান্সিং
  ৯. দ্রাব/কমিউনিটি সেক্টর স্থাপন/মেরামত/পরিচালনার জন্য বার্ষিক অনুদান;
  ১০. বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের জন্য বিমানবন্দর কর্তৃপক্ষকে পত্র প্রেরণ;
  ১১. সার্কিট হাউজের বক্ষ ব্যবহারের জন্য কর্তৃপক্ষকে পত্র প্রেরণ;
  ১২. সরকারি কর্মকর্তা কর্মচারীদের জন্য ফিজিওথেরাপি;
  ১৩. বোর্ডের সেবা সম্পর্কে তথ্য সরবরাহের জন্য কল্যাণলাইন নম্বর ১৬১০৯ চালু (লেং কোড নম্বর: ০৯৬৩৯-৬৬৬৩৩৩);
  ১৪. কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের সন্তানদের জন্য বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা।

□ **Electronic Fund Transfer (EFT)** এর মাধ্যমে সেবার মঞ্জুরিকৃত অর্নসেবাগ্রহীতার খাৎক হিসাবে প্রেরণ করা হয়।